সংক্ষিপ্ত নিত্য পুজো পদ্ধতি

সুদিপ সিংহ মহাপাত্র

আচমন-

গরুর কানের ন্যায় হাতের তেলো করে, ডান হাতের বুড়ো আঙ্গুলের গোড়ায় মাষকলাই ডুবতে পারে এমন পরিমাণ জল নিয়ে ‘ওঁ বিষ্ণু’ মন্ত্রে তিনবার জল পান হাত ধুয়ে নেবে।

বিষ্ণুস্মরণঃ

(হাত জোড় করে পাঠ করবে)

ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ

দিবীব চক্ষুরাততম্ ৎ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ওঁ বিষ্ণুঃ ।

ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্বাবস্থাং গতোহপি বা

যঃ স্মরেৎ পুণ্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ।

গন্ধাদির অর্চনা-

‘ওঁ এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ’ -মন্ত্রে পুষ্পপাত্রে সাজানো গন্ধ ও পুষ্পাদিতে জলের দ্বারা তিনবার প্রোক্ষণ (চিৎ হাতে জলের ছিটা) করবে। পরে গন্ধপুষ্প নিয়ে ‘ওঁ এতে গন্ধপুষ্পে এতেভ্যো গন্ধাদিভ্যো নমঃ’ বলে পুষ্পপাত্রে দিবে এবং হাতে এক একটি গন্ধপুষ্প নিয়ে নিচের এক একটি মন্ত্র বলে বলে গন্ধপুষ্প তাম্রকুণ্ডে দিয়ে দিয়ে পূজা করবে।

‘ওঁ এতে গন্ধপুষ্পে এতদধিপতয়ে দেবায় শ্রীবিষ্ণবে নমঃ’;

‘ওঁ এতে গন্ধপুষ্পে এতৎসম্প্রদানেভ্যঃ পূজনীয়দেবতাভ্যো নমঃ’;

‘ওঁ এতে গন্ধপুষ্পে শ্রীগুরবে নমঃ’;

‘ওঁ এতে গন্ধপুষ্পে গণেশাদিপঞ্চদেবতাভ্যো নমঃ’;

‘ওঁ এতে গন্ধপুষ্পে নমো নারায়ণায় নমঃ’;

‘ওঁ এতে গন্ধপুষ্পে ব্রাহ্মণেভ্যো নমঃ’।

সূর্যার্ঘ্য- কুশীতে জল, রক্তপুষ্প, রক্তচন্দন, আতপ চাল, যব, তিল, সরিষা, কুশের অগ্র ও দুর্বা নিয়ে নিম্নোক্ত মন্ত্রে নিবেদন করবে : ‘ওঁ নমো বিবস্বতে ব্রহ্মন্ ভাস্বতে বিষ্ণুতেজসে।

জগৎসবিত্রে শুচয়ে সবিত্রে কর্মদায়িনে।

এষোহর্ঘ্যঃ শ্রীসূর্যায় নমঃ’

প্রনাম ওঁ জবাকুসুমসঙ্কাশং কাশ্যপেয়ং মহাদ্যুতিম্ ।ধান্তারিং সর্বপাপঘ্নং প্রণতোহস্মি দিবাকরম্ ।

সামান্যার্ঘ্যস্থাপন-

নিজের সামনে একটু বামদিকের ভূমিতে অধোমুখ ত্রিকোণ (পুং দেবতা হলে উর্ধমুখ), বৃত্ত ও চতুর্ভুজ মণ্ডল এঁকে তদুপরি পূজা করবে-

ওঁ এতে গন্ধপুষ্পে আধারশক্তাদিভ্যো নমঃ।

পরে ‘ফট্’ মন্ত্রে কোশা ধুয়ে মণ্ডলোপরি স্থাপন করে ‘নমঃ’ মন্ত্রে জলপূর্ণ করবে এবং ‘ওঁ’ মন্ত্রে কোশার অগ্রভাগে একটি অর্ঘ্য (বিল্বপত্র, গন্ধপুষ্প, দুর্বা ও আতপ চাল) সাজিয়ে দিবে। ‘ওঁ’ মন্ত্রে দূর্বা, অক্ষত বিল্বপত্র, চন্দন, পুষ্প, তুলসীপত্র, আতপ চাল কোশার জলে নিক্ষেপ করবে। পরে অঙ্কুশ মুদ্রায় জল স্পর্শ করে নিম্নোক্ত মন্ত্রে সূর্যমণ্ডল হতে তীর্থ আবাহন করবে-

ওঁ গঙ্গে চ যমুনে চৈব গোদাবরি সরস্বতি।

ssmp

নর্মদে সিন্ধু কাবেরি জলেহস্মিন্ সন্নিধিং কুরু।।

অতঃপর ‘ওঁ এতে গন্ধপুষ্পে তীর্থেভ্যো নমঃ’ মন্ত্রে জলে তীর্থপূজা করে ‘হুঁ’ মন্ত্রে অবগুণ্ঠন মুদ্রা ও ‘বং’ মন্ত্রে ধেনুমুদ্রা প্রদর্শনপূর্বক মৎস্যমুদ্রায় জল আচ্ছাদন করে ১০ বার ‘ওঁ’ মন্ত্র জপ করবে।

এরপর সামান্যার্ঘ্যের জল নিজের মাথায় ও দ্বারদেশে ছিটিয়ে দিয়ে দ্বারদেবতার পূজা করবে।

আসনশুদ্ধি-

স্ববামে আসনের নিম্নবর্তী ভূমিতে ত্রিকোণ মণ্ডল এঁকে ‘ওঁ হ্রীঁ এতে গন্ধপুষ্পে আধারশক্ত্যাদিভ্যো নমঃ’ –মন্ত্রে মণ্ডল পূজা করবে। অতঃপর আসন স্পর্শ করে পাঠ করবে- ‘ওঁ অস্য আসনোপবেশনমন্ত্রস্য মেরুপৃষ্ঠ ঋষিঃ সুতলং ছন্দঃ কূর্মো দেবতা আসনোপবেশনে বিনিয়োগঃ’। পরে কৃতাঞ্জলিপূর্বক পাঠ-

ওঁ পৃথ্বি ত্বয়া ধৃতা লোকা দেবি ত্বং বিষ্ণুনা ধৃতা।

ত্বঞ্চ ধারয় মাং নিত্যং পবিত্রং কুরু চাসনম্ ।।

অতঃপর আসনের উপর ত্রিকোণ মণ্ডল এঁকে ‘হ্রীঁ এতে গন্ধপুষ্পে আধারশক্তয়ে কমলাসনায় নমঃ’- মন্ত্রে ঐ মণ্ডল গন্ধপুষ্প দ্বারা পূজা করবে।

গুরুপ্রণাম-

হাত জোড় করে প্রণাম করবে। বামকর্ণোর্ধ্বে- ঐঁ গুরুভ্যো নমঃ; তদূর্ধ্বে- ঐঁ পরমগুরুভ্যো নমঃ; তদূর্ধ্বে- ঐঁ পরাপরগুরুভ্যো নমঃ; তদূর্ধ্বে- ঐঁ পরমেষ্ঠিগুরুভ্যো নমঃ; দক্ষিণকর্ণোর্ধ্বে- ওঁ গণেশায় নমঃ; মধ্যে অর্থাৎ ললাটে বা হৃদয়ে (বীজমন্ত্র) (ইষ্ট দেবতার নাম) নমঃ

******* নিত্য পুজোতে অনেকে করশুদ্ধি পুষ্প শুদ্ধি ও ভুত শুদ্ধি করেন না। ******

করশুদ্ধি-

‘হেঁসৌঃ’ মন্ত্রে একটি সচন্দন রক্তবর্ণ পুষ্প নিয়ে ‘আং হুং ফট্ স্বাহা’ মন্ত্রে উভয় করতল দিয়ে মর্দন করে বাম হাতের নারাচ মুদ্রায় সেই ফুলটিকে মাথার চারদিকে ‘ক্লীং’ মন্ত্রে ঘুরিয়ে ‘ঐং’ মন্ত্রে ঘ্রাণ নিয়ে ‘ফট্’ মন্ত্রে ঈশানকোণে নিক্ষেপ করবে।

ssmp

পুষ্পশুদ্ধি-

‘ওঁ শতাভিষেক হুঁ ফট্ স্বাহা’ মন্ত্রে পুষ্পে জলের ছিটা দিয়ে ‘ওঁ পুষ্পে পুষ্পে মহাপুষ্পে সুপুষ্পে পুষ্পসম্ভবে পুষ্পচয়াবকীর্ণে চ হুঁ ফট্ স্বাহা’ মন্ত্রে পুষ্প স্পর্শ করে শোধন করবে।

ভুত শুদ্ধি :- স্বক্রোড়ে বাম হাতের উপর ডান হাত চিৎভাবে স্থাপন করে নিম্নোক্ত মন্ত্র পাঠ করবে-

ওঁ ভূতশৃঙ্গাটাচ্ছিরঃ সুষুম্নাপথেনজীবশিবং পরমশিবপদে যোজয়ামি স্বাহা ।।১।।ওঁ যং লিঙ্গশরীরং শোষয় শোষয় স্বাহা ।।২।।ওঁ রং সংঙ্কোচশরীরং দহ দহ স্বাহা ।।৩।।ওঁ পরমশিব সুষুম্নাপথেন মূলশৃঙ্গাটমুল্লসোল্লস জ্বল জ্বল প্রজ্বল প্রজ্বল সোহহং হংসঃ স্বাহা ।।৪।

শ্রীকৃষ্ণ বিষয়ে ভূতশুদ্ধি – ওঁ স্বকীয় হৃদয়ে ধ্যায়েত শ্রীকৃষ্ণ চরনাম্বুজম। ভূতশুদ্ধিমিমাং প্রাহু সর্ব্বাগম বিশারদা।।

কৃতাঞ্জলী :

নিত্য পুজোতে তাম্রকুণ্ডে পুজো হলে আবাহন এর প্রয়োজন নেই

ওঁ গনেশাদি নানা দেবতা ইহাগচ্ছ ইহাগচ্ছ ইহতিষ্ঠ ইহতিষ্ঠ ইহ সন্নিধেহি ইহ সন্নিরুধ্যস্ব অত্রাধিষ্ঠানং কুরূ মম পুজা গৃহান ।

এবারে ফুল নিয়ে

এতে গন্ধপুষ্পে শ্রী গুরবে নমঃ

এতে গন্ধপুষ্পে গনেশায় নমঃ

এতে গন্ধপুষ্পে সুর্য্যায় নমঃ

এতে গন্ধপুষ্পে নারায়ণায় নমঃ

এতে গন্ধপুষ্পে শিবায় নমঃ

এতে গন্ধপুষ্পে শ্রী জয় দুর্গায়ৈ নমঃ

এতে গন্ধপুষ্পে ইষ্ট দেবতায়ৈ (দেবী হলে ইষ্ট দেবৌ নমঃ)

গন্ধপুষ্পে আদিত্যাদি-নবগ্রহেভ্যো নমঃ।

ওঁ এতে গন্ধপুষ্পে ইন্দ্রাদি-দশদিকপালেভ্যো নমঃ।

এতে গন্ধপুষ্পে কাল্যাদি-দশমহাবিদ্যাভ্যো নমঃ।

এতে গন্ধপুষ্পে মৎস্যাদি-দশাবতারেভ্যো নমঃ।

এতে গন্ধপুষ্পে সর্বেভ্যো দেবেভ্যো নমঃ।

এতে গন্ধপুষ্পে সর্বাভ্যো দেবীভ্যো নমঃ

স্নান:

এবারে গৃহ দেবদেবীর তৎ গায়েত্রী সহ স্নান করাবে । যদি স্নান করানো সম্ভব না হয় তবে স্নানীয় জল তাম্রকুণ্ডে দেবে।

ধ্যান '- অতঃপর দেবতার ধ্যান করবেন।

(নিত্য পুজতে অনেকে ধ্যান মন্ত্র পাঠ করেন না কেবল দেবতার মুর্তি চিন্তা করেন)

অতঃপর পুষ্পটি মাথায় রেখে মানস পুজো করবেন

এতে গন্ধপুষ্পে পীঠ দেবতাভ্য নমঃ ।

এতে গন্ধপুষ্পে পীঠ শক্তিভ্য নমঃ

ssmp

পুনরায় ধ্যান করে পুষ্প দেবতার চরনে দেবেন ।

**** নিত্য পুজো সাধারণত পঞ্চোপচারে হয়ে থাকে তাই সেই বিধি লেখা হল।

চন্দন নিয়ে:

এষঃ গন্ধঃ (বীজ মন্ত্র) অমুক দেবতায়/দেবৈ্যে নমঃ

ফুল নিয়ে:

এতদ সচন্দন পুষ্পম (বীজ মন্ত্র) অমুক দেবতায়/দেবৈ্যে নমঃ

পাতা নিয়ে:

এতদ সচন্দন তুলসী/বিল্ব পত্র (বীজ মন্ত্র) অমুক দেবতায়/দেবৈ্যে নমঃ

ধুপ নিয়ে:

এষঃ ধূপ (বীজ মন্ত্র) অমুক দেবতায়/দেবৈ্যে নমঃ

দীপ নিয়ে:

এষঃ দীপ (বীজ মন্ত্র) অমুক দেবতায়/দেবৈ্যেনমঃ

নৈবেদ্য নিবেদন:

এতদ নৈবেদ্যং (বীজ মন্ত্র) অমুক দেবতায়/দেব্যৈ নমঃ (নৈবেদ্যের উপর কোশার জলের ছিটা দেবে)

পানার্থ জল:

এতদ পানার্থোদকম (বীজ মন্ত্র) অমুক দেবতায়/দেব্যৈ নমঃ(পানীয় জলের উপর কোশার জলের ছিটা দেবে)

পুনরাচমনীয়ম:

(কুশীতে জল লইয়া)ইদম পুনরাচমনীয়ম (বীজ মন্ত্র) অমুক দেবতায়/দেব্যৈ নমঃ

জপ মন্ত্রঃ

ইষ্ট মন্ত্র জপ

জপ বিসর্জন-

গুহ্যাতিগুহ্যগোপ্তা ত্বং গৃহাণাস্মৎকৃতং জপম্ ।সিদ্ধির্ভবতু মে দেব/দেবী ত্বৎপ্রসাদাত পরমেশ্বর/পরমেশ্বরী।।

প্রনাম করবেন।

সর্বশেষে আরতি করুন

ওম নমঃ শিবায় জয় গুরুদেব জয় সীতারাম

সুদীপ সিংহ মহাপাত্র

ssmp